

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd


নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.৬১৮

তারিখ: ২০/০৮/২০২৫ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের ঋণ কার্যক্রম ম্যানুয়াল প্রক্রিয়ার পাশাপাশি অনলাইন সফটওয়্যারের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। বর্তমান প্রক্রিয়ায় ম্যানুয়ালি ঋণ প্রস্তাব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হওয়ার পরে হিসাব সহকারী কর্তৃক অনলাইন সফটওয়্যারে লোন প্রপোজাল ক্রিয়েট (Loan Proposal Create) করা হয় এবং প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক ঋণ প্রস্তাব চূড়ান্ত অনুমোদন (Approved) ও ডিসবার্জমেন্ট (Disbursement) করা হয়। ইতোমধ্যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাদের সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করা হয়েছে বিধায়, এখন থেকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সফটওয়্যারে ঋণ প্রস্তাব অনুমোদন (Approved) ও ডিসবার্জমেন্ট (Disbursement) করা অত্যাৱশ্যক। প্রকল্পের আওতায় অনলাইন সফটওয়্যারে ঋণ প্রস্তাব অনুমোদন (Approved) ও ডিসবার্জমেন্ট (Disbursement) প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার পরিবর্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক বাস্তবায়নযোগ্য হবে। এক্ষেত্রে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক ঋণ প্রস্তাব অনুমোদনের পূর্বে হিসাব সহকারীর প্রেরিত ঋণ প্রস্তাবে কোন ভুল ক্রটি রয়েছে কিনা তা প্রকল্পের এআরডিও তার User ID হতে যাচাই করবেন। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তাঁর User ID থেকে হিসাব সহকারী কর্তৃক প্রেরিত ঋণ প্রস্তাব চূড়ান্ত অনুমোদন (Approved) ও ডিসবার্জমেন্ট (Disbursement) করবেন। ম্যানুয়ালি ঋণ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে অত্র দপ্তর থেকে জারীকৃত নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০০৪.২১.৬১৮ তারিখ:-১২/০৮/২০২৫ মোতাবেক অফিস আদেশে প্রদত্ত নির্দেশনা যথারীতি অনুসরণ করতে হবে।

প্রকল্প তথা বিআরডিবি'র স্বার্থে জারীকৃত এ আদেশ ০১/০৯/২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন: ০২-৮১৮০১৪৪

iresppwad@gmail.com

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি,..... (প্রকল্পভুক্ত সকল জেলা);
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৬. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৭. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৮. সহকারী পল্লী উন্নয়ন অফিসার/হিসাব সহকারী, ইরেসপো (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৯. অফিস নথি।